

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০১৭.০৩০.০০.০০.০০১.২০১১-২৭৬


তারিখ : ২৭ ফাল্গুন ১৪২২  
০৯ মার্চ ২০১৬

বিষয় : টাঙ্গাইল জেলার সদর উপজেলার ১২নং মাহমুদনগর ইউনিয়নের নির্বাচনী কার্যক্রম স্থগতি রাখা প্রসঙ্গে।

সূত্র : জনাব মো: আমিনুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং মাহমুদনগর ইউপি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর আবেদন,  
তারিখ : ০৭.০২.২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যমুনা ও ধলেশ্বরী নদীর ভাঙ্গনে টাঙ্গাইল জেলার সদর উপজেলার ১২নং মাহমুদনগর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের সরাটৈল ও নয়াপাড়া গ্রাম এবং ৮নং ওয়ার্ডের হাছনাবাদ এবং পশ্চিম (কুকুরিয়া) গ্রাম সম্পূর্ণভাবে নদীগর্ভে বিলীন হওয়ায় সীমানা পুন: নির্ধারণের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৪৯/২০১৬ দায়ের হয়েছে। আবেদনকারী জনাব মো: আমিনুল ইসলাম মহামান্য আদালতে সীমানা নির্ধারণ সংক্রান্ত মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত ইউনিয়নের সকল নির্বাচনী কার্যক্রম স্থগিত রাখার জন্য অনুরোধ জানিয়েছেন। রীট পিটিশন নং-১১৪৯/২০১৬ এর ১/২/২০১৬ তারিখে আদেশের সার্টিফাইড কপি পর্যালোচনায় দেখা যায়, টাঙ্গাইল সদর উপজেলার মাহমুদনগর ইউনিয়ন পরিষদের যে কোন নির্বাচনের পূর্বে এর নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত ওয়ার্ড নং- ১২ এর সীমানা নির্ধারণ কেন করা হবেনা সে মর্মে কারণ দর্শানো হয়েছে। এমতাবস্থায় জনাব মো: আমিনুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং মাহমুদনগর ইউপি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর আবেদনসহ সংযুক্ত রীট পিটিশনের সার্টিফাইড কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : -----পাতা।

  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৮৬৬০৫

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি :

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনাব মো: আমিনুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং মাহমুদনগর ইউপি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।